চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

(প্রেস বিজ্ঞপ্তি)

অপর্ণাচরণ বালিকা উচ্চ বিদ্যালয়ের এস.এস.সি পরীক্ষার্থদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত
কারো সহায়য়তার আশা নিয়ে
পরীক্ষার হলে না যাওয়ার পরামর্শ মেয়রের

চট্টগ্রাম-২৮ শে জানুয়ারি-২০১৯ ইংরেজী
অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্য আশে পাশের কারো কাছ থেকে সহায়য়তা পাওয়া যাবে,এমন আশা নিয়ে পরীক্ষার হলে না যাওয়ার পরামর্শ দিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। তিনি আজ সোমবার দুপুরে নগরীর অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ মিলনায়তনে এস.এস.সি পরীক্ষার্থদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। স্থানীয় কাউন্সিলর মোহাম্মদ সলিম উল্লাহ বাচ্চুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে চসিক শিক্ষা স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর নাজমুল হক ডিউক, বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্য এম.এম সাইফুদ্দিন,ওমর আলী ফয়সল, মিসেস শাহীন আকতার ,প্রতিষ্ঠান প্রধান অধ্যক্ষ জারেকা বেগম,সহকারী প্রধান শিক্ষক মোহাম্মদ ইসমাইল,পলী রানী শীল,সংগীতা ব্যানাজি ও কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ হোসাইন বক্তব্য রাখেন। অনুষ্ঠানে প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, শিক্ষক,শিক্ষার্থী ও অভিবাবকগণ উপস্থিত ছিলেন। সিটি মেয়র বলেন নিজের ওপর শতভাগ বিশ্বাস রাখাই শ্রেয়। এর আগে তোমরা পিএসসি,জেএসসি এবং নির্বাচনী পরীক্ষায় সফল হয়ে এই পর্যায়ে এসেছো। তাই এ চুড়ান্ত পরীক্ষায় তুমি পারবে এবং তোমাকে পারতেই হবে। মেয়র আরো বলেন যে কোনো পরীক্ষা হচ্ছে মুল্যায়নের একমাত্র পদ্ধতি । শিক্ষা ক্ষেত্রে একজন শিক্ষার্থীর জন্য এসএসসি পরীক্ষা হচ্ছে জীবনের প্রথম মাইল ফলক। এই পরীক্ষার মাধ্যমে দীর্ঘ দশ বছরের শিক্ষা জীবনের যাচাই - বাছাই হয়। এর মধ্য দিয়ে শুরু হয় উচ্চ শিক্ষার প্রথম ধাপ। এমনকি এস.এস.সি পরীক্ষা জীবনের লক্ষ্য স্থির করার পথ। আগেকার পরীক্ষা আর এখনকার পরীক্ষার মধ্যে ব্যাপক পরিবর্তন আনা হয়েছে। তাই এখনকার পরীক্ষার্থীরা অনেক সৌভাগ্যবান। তারা সৃজনশীল পদ্ধতিতে পরীক্ষা দিচ্ছে। এতে শিক্ষা গ্রহনে পুরানো নীতিতে কষ্ট করতে হতে হচ্ছে না । অল্প সময়ে বেশী শিখা সম্ভব । লেখা পড়া অধিক মনোযোগী হলে চিন্তাশক্তির বিকাশ ঘটিয়ে ভাল ফলাফল করা সম্ভব বলে মেয়র উল্লেখ করেন। মেয়র বলেন এস.এস.সি পরীক্ষা শুরু হতে আর মাত্র কয়েকট্ দিন বাকী। এর মাঝে সকল পরীক্ষার্থী তাদের সকল প্রস্তুতি শেষ করে নিয়েছে। তাই আর যেটুকু সময় আছে,তাতে নতুন করে কোনো কিছু না পড়া, না শিখাই ভাল।পুরানো যা পড়া হয়েছে, বারবার ঝালাই করা উচিত। তিনি বলেন মনের সাহস যে কোনো ব্যাপারে একটা ইতিবাচক প্রভাব ফেলে। এরজন্য মেয়র কয়েকটি বিষয়ে অধিকতর গুরুত্ব দিতে পরীক্ষার্থীদের পরামর্শ দেন। তিনি বলেন পরীক্ষার প্রথম দিন প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর অন্ততঃ এক ঘন্টা আগে পরীক্ষা হলে পৌঁছার চেষ্ঠা করতে হবে। এছাড়া বাড়ী থেকে পরীক্ষা হলের উদ্দেশ্যে রওনা হওয়ার আগে দরকারী জিনিসপত্র বিশেষ করে প্রবেশপত্র,রেজিষ্ট্রেশন কার্ড,কলম,পেনসিল,ঘড়ি ইত্যাদি সংগে আছে কিনা তা দেখে নেওয়ার আহবান জানান মেয়র। প্রসংক্রমে মেয়র বলেন অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় নগরীর প্রথম শ্রেণীর একটি শিক্ষা প্রতিষ্ঠান। বিভিন্ন পরীক্ষায় এই প্রতিষ্ঠানের সুনাম রয়েছে। সেই সুনাম তোমাদের অগ্রজরাই অর্জন করেছে। আরো বৃদ্ধি পায় সেই প্রাণবন্ত প্রচেষ্ঠা চালিয়ে যাওয়ার জন্য পরীক্ষার্থীদের তাগিদ দিলেন মেয়র। পরে তিনি পরীক্ষার্থীদের হাতে পরীক্ষা সামগ্রী তুলে দেন। অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কৃষ্ণ কুমারী : এদিকে কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের এস এসসি-২০১৯ পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনার আয়োজনা করে কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়। কাউন্সিলর মোহাম্মদ সলিম উল্লাহ বাচ্চুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কপোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডা. বিলকিস বেগম, প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক আহমদ হোসাইন, শিক্ষক প্রতিনিধি শাহীনুর জাহান, তানসেন দেওয়ানজী, নিজাম উদ্দিন প্রমূখ।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিক ও ক্যাব যৌথ উদ্যোগে নিরাপদ খাদ্য দিবস উদযাপন করবে আগামী ২ ফেব্রুয়ারি

চট্টগ্রাম -২৮ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

নিরাপদ খাদ্য দিবস উদযাপন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে এক প্রস্তুতি সভা গতকাল রবিবার সন্ধ্যায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এ সভায় প্যানেল মেয়র ও কাউন্সিলর হাসান মাহমুদ হাসনী, ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর মো. ইসমাইল, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, হাজী নুরুল হক, ছালেহ আহম্মদ চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, মো. সাইফুদ্দিন খালেদ, গোলাম মো. জোবায়ের, মো. আজম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, ফারজানা পারভীন, ফারহানা জাবেদ, দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ ওমর ফারুক, সিটি মেয়রের একান্ত সচিব মুফিদুল আলম, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার, সিএমপি'র পুলিশ সুপার শাকিলা সুলতানা, বাংলাদেশ আনসার ও ভিডিপি চট্টগ্রামের পরিচালক মোহাম্মদ নুরুল আমিন, বিএসটিআই চট্টগ্রামের সহকারী পরিচালক হাবিবুর রহমান, পাচঁলাইশ থানা পানি সম্পদ কর্মকর্তা ডা. জাকিয়া খাতুন, চট্টগ্রাম মেট্রোপলিটন সচিব মমতাজ আলী খান, র‌্যাব-৭ এর মো. জামাল হক, জাতীয় ভোক্ত অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারী পরিচালক মো. হাসানুজ্জামান, জেলা শিক্ষা অফিস চট্টগ্রামের সহাকারী পরিদর্শক সাব্বির আহম্মদ, সিজেকেএস এর কোষাধ্যক্ষ সাহাবুদ্দিন মো. জাহাঙ্গীর, বাংলাদেশ দোকান মালিক ও রেস্তোরা মালিক সমিতি চট্টগ্রামের সভাপতি সালেহ আহমেদ সুলেমান, বাংলাদেশ দোকান মালিক সমিতির চট্টগ্রাম মহানগর শাখার সভাপতি আলহাজ্ব মো. সালামত আলী, সিটি কর্পোরেশন বহদ্দারহাট কাঁচা বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি হাজী মো. জানে আলম, পতেঙ্গা কাটগড় ব্যবসায়ী সমিতির সভাপতি মো. সোলায়মান, বৃহত্তর চকবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি এস এম আবুল কালাম আজাদ এবং ক্যাবের সভাপতি এস এম নাজের হোসাইন, এস এম সাধারণ সম্পাদক কাজী ইকবাল বাহার, ক্যাব মো. শাহিন চৌধুরী, তৌহিদুল ইসলাম সহ বিভিন্ন সরকারি, বেসরকারি এবং বিভিন্ন শ্রেণি ও পেশার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় আগামী ২রা ফেব্রুয়ারি নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে নগরবাসীকে সচেতন করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ক্যাবের যৌথ উদ্যোগে এক বর্ণাঢ্য র‌্যালীর আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন চত্বরে সকাল সাড়ে ৯ টায় এই র‌্যালীর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন চসিক মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এতে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, ব্যবসায়ী, সরকারি-বেসরকারি কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ নেবে। এই ধারাবাহিকতায় ৪১টি ওয়ার্ডে নগরবাসীকে নিরাপদ খাদ্য সম্পর্কে উদ্বুদ্ধকরণের লক্ষে র‌্যালী, আলোচনা সভা, টকশো ও ভিডিও প্রদর্শনী অনুষ্ঠিত হবে। সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নিরাপদ খাদ্য আধুনিক জীবনে শিল্পজাত খাদ্য একটি স্বাভাবিক ব্যাপার। এ খাদ্যকে স্বাভাবিক এবং ভেজাল ও অন্যান্য দূষণ থেকে নিরাপদ অবস্থায় বিতরণ এখন একটি বিশ্ব সমস্যা। অসাধু ব্যবসায়ীদের কারসাজি ছাড়াও নানা কারণে খাদ্য দূষিত হতে পারে। খাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, পরিবহণ, খাদ্যগ্রহণ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে শিল্পায়িত খাদ্য খাদ্যের অনুপযোগী হয়ে যেতে পারে। খাদ্য উৎপাদন থেকে শুরু করে ভোক্তার দ্বার পর্যন্ত খাদ্যের গুণগত মান নিশ্চিত রাখা সকলের নাগরিক দায়িত্ব। এই লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন তার নগরবাসীকে ভেজাল খাদ্য সম্পর্কে সচেতন করার লক্ষে বৃহত্তর কর্মসূচি করেছে বলে তিনি উল্লেখ করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন